

নম্বর-৪৮.০২.০০০০.০০১.০৬.০৮৯.২০২৫-৩৩৪

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩২
০১ জুলাই ২০২৫

বিজ্ঞপ্তি

বিষয়: বীর মুক্তিযোদ্ধাদের বিরুদ্ধে প্রকৃত অভিযোগ ব্যতীত উদ্দেশ্য প্রণোদিত, ভিত্তিহীন, হয়রানিমূলক ও মিথ্যা অভিযোগকারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলে বীর মুক্তিযোদ্ধাদের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ যাচাইকালে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু অভিযোগ উদ্দেশ্য প্রণোদিত, ভিত্তিহীন, হয়রানিমূলক এবং অভ্যাসগতভাবে দাখিল করা হচ্ছে। অনেক অভিযোগ ইতঃপূর্বে যাচাই-বাহাইয়ে মিথ্যা প্রমাণিত হওয়ার পরেও একই ব্যক্তি কর্তৃক পুনঃপুন অভিযোগ করা হচ্ছে। এ ধরনের অভিযোগ তদন্তে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর সদস্য এবং কর্মকর্তা-কর্মচারীদের প্রচুর সময় ও সরকারি অর্থের অপচয় হয়। অধিকন্তু এমন উদ্দেশ্য প্রণোদিত, ভিত্তিহীন, হয়রানিমূলক অভিযোগের কারণে প্রকৃত বীর মুক্তিযোদ্ধাগণ এই বৃদ্ধ বয়সে হয়রানির শিকার হচ্ছেন।

২। বিষয়টি জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ৯৮তম সভায় উপস্থাপন করা হলে, **বীর মুক্তিযোদ্ধাদের বিরুদ্ধে উদ্দেশ্য প্রণোদিত, ভিত্তিহীন, হয়রানিমূলক ও মিথ্যা অভিযোগকারীর বিরুদ্ধে বিদ্যমান সংশ্লিষ্ট আইন অনুযায়ী ফৌজদারি মামলা দায়ের বা প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।**

৩। এমতাবস্থায়, বীর মুক্তিযোদ্ধাদের বিরুদ্ধে প্রকৃত অভিযোগ ব্যতীত উদ্দেশ্য প্রণোদিত, ভিত্তিহীন, হয়রানিমূলক এবং অভ্যাসগতভাবে অভিযোগ দাখিল থেকে সকলকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় তাদের বিরুদ্ধে বিদ্যমান সংশ্লিষ্ট আইন অনুযায়ী ফৌজদারি মামলা দায়ের/ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



(শাহিনা খাতুন)

অতিরিক্ত সচিব

মহাপরিচালক

ফোন: ০২-৫৮৩১৩৪০৬

ই-মেইল-dg@jamuka.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর।
৫. আহবায়ক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, নিউ ইস্কাটন রোড, মগবাজার, ঢাকা।
৬. জেলা প্রশাসক, জেলা (সকল)। [বিজ্ঞপ্তিটি তাঁর জেলাধীন সংশ্লিষ্টদের জ্ঞাতার্থে ব্যাপক প্রচারের অনুরোধসহ]
৭. উপদেষ্টার একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। [উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য]
৮. সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
৯. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা, জেলা (সকল)। [বিজ্ঞপ্তিটি তাঁর উপজেলাধীন সংশ্লিষ্টদের জ্ঞাতার্থে ব্যাপক প্রচারের অনুরোধসহ]
১০. সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। [মন্ত্রণালয়ে ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ]
১১. সম্পাদক, দৈনিক পত্রিকা। [বিজ্ঞপ্তিটি তাঁর বহল প্রচারিত পত্রিকায় বিনামূল্যে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]